

ইমিউনিটি বুস্টারে তেলের বিক্রি ১০% বাড়ানোর লক্ষ্য ইমামির

এই সময়: আনলকডাউন শুরু হলেও অধিকাংশ হোটেল, রেস্টোরাঁ এখনও বন্ধ। তা সত্ত্বেও চলতি অর্ধ বছরে তাদের ভোজ্য তেলের বিক্রি ১০ শতাংশ বৃদ্ধির আশা করছে ইমামি অ্যাগ্রোটেক।

ইমামি গোষ্ঠীর সংস্থাটি আজ শুক্রবার বাজারে আনছে ইমামি হেলদি অ্যান্ড টেস্টি স্মার্ট ব্যালাস ইমিউনিটি বুস্টার অয়েল। এই ভোজ্য তেলে রান্না করা খাবার খেলে শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে বলে দাবি ইমামি অ্যাগ্রোটেকের। করোনা সংক্রমণ ও লকডাউনের কারণে মানুষ এখন অনেক বেশি বাড়িতে রান্না করে যাচ্ছেন। এই ধরনের সাধারণ খুচরো ক্রেতাদের ক্ষেত্রে তাদের ভোজ্য তেলের বিক্রি ইতিমধ্যেই ১৫-২০ শতাংশ বেড়েছে বলে বৃহস্পতিবার জানিয়েছেন ইমামি গোষ্ঠীর ডিরেক্টর আদিত্য আগরওয়াল। তিনি বলেন, 'আমাদের পাঁচ লিটারের ক্যান বা তার থেকে কম পরিমাণের প্যাকেজড তেলের বিক্রি করোনা-লকডাউনের মধ্যেও ১৫-২০ শতাংশ বেড়েছে। এই ধরনের প্যাকেজড তেল সাধারণ গার্হস্থ্য ক্রেতার কাছে কেনেন। ফলে, এ বছর এখনও পর্যন্ত হোটেল-রেস্টোরাঁয় আমাদের তেলের 'বান্ধ' বিক্রি খানিকটা কমলেও সব মিলিয়ে ভোজ্য তেলে আমাদের ১০ শতাংশ বিক্রি বাড়বে।'



ইমামির নতুন তেলের আনুষ্ঠানিক প্রকাশে (বাঁ দিক থেকে) কৃষ্ণ মোহন, মণীশ গোয়েঙ্কা, আদিত্য আগরওয়াল ও দেবাশিস ভট্টাচার্য। বৃহস্পতিবার —এই সময়

হেলদি অ্যান্ড টেস্টি ব্র্যান্ডের আওতায় সংস্থাটি খুচরো বাজারে ভোজ্য তেল বিক্রি করে। সাধারণ গার্হস্থ্য ক্রেতার কাছে ব্র্যান্ডটির জনপ্রিয়তা আরও বাড়তে তাদের নয়া হাতিয়ার ইমামি হেলদি অ্যান্ড টেস্টি স্মার্ট ব্যালাস ইমিউনিটি বুস্টার অয়েল। আদিত্যর ব্যাখ্যা, 'এটা পুরোপুরি নিরামিষ উপকরণ দিয়ে তৈরি ভোজ্য তেল। করোনার সঙ্গে এই ভোজ্য তেল খাওয়া বা না খাওয়ার কোনও সম্পর্ক নেই। তবে এই ভোজ্য তেলে রান্না করা খাবার খেলে শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে এবং খাবারের স্বাদেরও

কোনও পরিবর্তন হবে না। ভারতে এটাই প্রথম ভোজ্য তেল যা শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াবে। আমরা সরকারের কাছ থেকে সমস্ত প্রয়োজনীয় অনুমোদন পেয়েছি।' ইমামি গোষ্ঠীর ডিরেক্টর মণীশ গোয়েঙ্কার সংযোজন, 'করোনা-লকডাউনের সময় আমরা অনুধাবন করি যে বাজারে এরকম কোনও ভোজ্য তেলের প্রয়োজন রয়েছে, বিশেষ করে যেখানে সাধারণ মানুষ বাড়িতে রান্না করা খাবারই খাচ্ছেন। আর অসুস্থ হয়ে না পড়াটা সকলের কাছেই অত্যন্ত গুরুত্বপূর্ণ। তার পরেই আমাদের আরঅ্যান্ডডি এই

তেল তৈরি করে।'

চলতি অর্ধ বছরের মধ্যে এই নয়া ভোজ্য তেলের বিক্রি ১৫০ কোটি টাকাতে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা রেখেছে ইমামি অ্যাগ্রোটেক। এক লিটার প্যাকেজের এই তেলটির দাম ১৪০ টাকা, যেখানে সংস্থার সরবর তেলের লিটার প্রতি দাম পড়ে ১৩০ টাকা। ইমামি-র দাবি, এর ফলে ইমামি হেলদি অ্যান্ড টেস্টি স্মার্ট ব্যালাস ইমিউনিটি বুস্টার অয়েল দামের দিক থেকে সাধারণ মানুষের সাধ্যের মধ্যে।

আগামী এক মাসের মধ্যে পোটা দেশের এক লক্ষ বিপণির পাশাপাশি সমস্ত জনপ্রিয় ই-কমার্স প্ল্যাটফর্মেও এই ভোজ্য তেল মিলবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে। মণীশ বলেন, 'চলতি অর্ধ বছরে এই নয়া ভোজ্য তেলের মাধ্যমে আমাদের সংস্থার আয় ১৫০ কোটি টাকা বাড়ানোর লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। পাশাপাশি, বিভিন্ন ই-কমার্স প্ল্যাটফর্ম মারফৎ আমাদের বিক্রি চলতি অর্ধ বছরে ১২ শতাংশে নিয়ে যাওয়ার লক্ষ্য নিয়েছি আমরা, যা এখন ৭-৮ শতাংশ।'

ইমামি অ্যাগ্রোটেক কি এবার অন্যান্য ব্র্যান্ডেড খাবার ব্যবসায় প্রবেশ করবে? আদিত্যর জবাব, 'আমরা এধরনের সুযোগের জন্য সর্বদা প্রস্তুত এবং সঠিক সময়ে আমরা খাদ্যপণ্য ব্যবসায় প্রবেশ করার জন্য অপেক্ষা করছি।'